



তথ্যবিবরণী

নম্বর: ৫১

**আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের আয়োজনে
'স্মার্ট বাংলাদেশ ও আমাদের প্রস্তুতি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত**

ময়মনসিংহ (১৭ মে, ২০২৩ খ্রি.):

আজ ময়মনসিংহের ভাষা শহীদ আব্দুল জব্বার মিলনায়তনে 'স্মার্ট বাংলাদেশ ও আমাদের প্রস্তুতি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের আয়োজনে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের সিনিয়র তথ্য অফিসার আল ফয়সাল 'স্মার্ট বাংলাদেশ ও আমাদের প্রস্তুতি' কে উপজীব্য করে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। উপস্থাপনায় রূপকল্প ২০৪১ এর লক্ষ্য এবং অর্জনের জন্য প্রাতিষ্ঠানিক ভিত্তি, ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশে রূপান্তর, স্মার্ট বাংলাদেশ উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে এমন কিছু গুরুত্বপূর্ণ ক্ষেত্র, স্মার্ট বাংলাদেশের জন্য প্রযুক্তি, স্মার্ট বাংলাদেশের সম্ভাব্য পরিস্থিতি, স্মার্ট বাংলাদেশের মূলভিত্তি এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের গৃহীত সাম্প্রতিক উদ্যোগ ইত্যাদি বিষয়ে আলোকপাত করেন।

অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) মাহফুজুল আলম মাসুম ময়মনসিংহ জেলা স্মার্ট জেলা হিসেবে রূপান্তরে জেলা পর্যায়ের বিভিন্ন উদ্যোগ, করণীয় ও পরিকল্পনা সম্পর্কে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো.শফিকুর রেজা বিশ্বাস। তিনি বলেন যে বর্তমান সময়ের প্রেক্ষাপটে স্মার্ট বাংলাদেশ গঠন অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্মার্ট বাংলাদেশ মানে স্মার্ট সিটিজেন। আর স্মার্ট সিটিজেন হতে হলে চিন্তা-ভাবনা ও কাজে কর্মে স্মার্ট হতে হবে। অ্যাচিভমেন্ট টার্গেটে হতে হবে স্মার্ট। টার্গেট এমন হবে না যা অর্জনযোগ্য নয়। আবার দেশের ধর্ম, ইতিহাস, ঐতিহ্যের সাথেও যেন তা সংগতিপূর্ণ হয়। ডিজিটাল দেশ অথবা সমাজ গঠনে স্মার্ট সিটিজেনের পাশাপাশি স্মার্ট ইকোনমিও গুরুত্বপূর্ণ অনুসঙ্গ। বিদ্যুৎ, গ্যাস বিল, অফিসিয়াল রিপোর্ট অনলাইনে পাঠানো তথ্য প্রযুক্তির ব্যবহারিক প্রয়োগের উদাহরণ। তথ্য প্রযুক্তিতে দক্ষ করে তুলতে সরকারি কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। দেশের সর্বত্র আজ তথ্য প্রযুক্তির ছোঁয়া লেগেছে। দেশের ৯০% মানুষ এখন স্মার্ট ফোনের ব্যবহার জানে।

এর আগে স্বাগত বক্তব্য প্রদান করেন, আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার ও অনুষ্ঠানের সভাপতি মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। তাঁর বক্তব্যে তিনি অফিসের কার্যক্রম সম্পর্কে উল্লেখ করতে গিয়ে বলেন, আঞ্চলিক তথ্য অফিস বিভাগের বিভিন্ন সরকারি অনুষ্ঠানাদির প্রেস ও ফটোক্যাভারেজ করে থাকে। সরকারের তথ্য জনগণের কাছে এবং জনগণের তথ্য সরকারের কাছে পৌঁছে দেয়ার মাধ্যমে জনগণ ও সরকারের মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করে। তিনি বলেন, নতুন অফিস হিসেবে এই সেমিনারের মাধ্যমে ময়মনসিংহের বিভিন্ন পর্যায়ের দপ্তর ও ব্যক্তিবর্গের কাছে অফিসকে পরিচিত করাতে পেরে অত্যন্ত আনন্দিত। সবার সহযোগিতা পাবেন বলে এসময় তিনি আশা প্রকাশ করেন। তিনি আরো বলেন, ব্যাংক, আদালতসহ দেশের সর্বত্র ডিজিটাল বাংলাদেশের সুফল আমরা ইতিমধ্যে পেতে শুরু করেছি। স্মার্ট বাংলাদেশের লক্ষ্য পূরণে ময়মনসিংহ ডিভিশন বিভিন্ন উদ্যোগের মাধ্যমে অনেক কাজ করছে বলেও জানান। আমন্ত্রণ গ্রহণের জন্য উপস্থিত অতিথিদের তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানের শেষাংশে সেমিনারে অংশগ্রহণকারীদের নিয়ে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। আইসিটি, কৃষি, প্রাণিসম্পদসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, সাংবাদিক, নারী উদ্যোক্তাসহ বক্তারা স্মার্ট বাংলাদেশের প্রেক্ষাপট, কার্যক্রম ও কার্যকারিতা নিয়ে নিজস্ব বক্তব্য উপস্থাপন করেন।

সেমিনারে বিশেষ অতিথি হিসেবে স্থানীয় সরকার বিভাগের পরিচালক ফরিদ আহমদ বলেন যে ব্যক্তি ও প্রতিষ্ঠানিক নৈতিকতার উন্মেষ ঘটাতে হবে। এসময় তিনি অভিভাবকদের সন্তানদের নৈতিক শিক্ষা শিক্ষিত করে গড়ে তোলার ব্যাপারে গুরুত্বারোপ করেন।

এছাড়াও ময়মনসিংহ রেঞ্জের অতিরিক্ত ডিআইজি মো. এনামুল কবির, পরিবার পরিকল্পনা বিভাগের পরিচালক মোহাম্মদ আবদুল আউয়াল, আইসিটি অধিদপ্তরের ময়মনসিংহ জেলা কার্যালয়ের প্রোগ্রামার নূরে আলম সিদ্দিকী, ময়মনসিংহ জেলা ইউনিট কমান্ডের ডেপুটি কমান্ডার হারুন-অর-রশিদ, ময়মনসিংহ প্রেসক্লাবের সহসভাপতি এ জেড এম ইমাম উদ্দিন মুক্তা, প্রেসক্লাব সাধারণ সম্পাদক অমিত রায়, ময়মনসিংহ সাংবাদিক ইউনিয়নের সভাপতি আতাউল করিম খোকন, দৈনিক আজকের বাংলাদেশ পত্রিকার সম্পাদক অধ্যাপক মো. আব্দুর রাজ্জাক, ময়মনসিংহ উদ্যোক্তা উন্নয়ন অ্যাসোসিয়েশনের সভাপতি সৈয়দা সেলিমা আজাদ প্রমুখ বক্তব্য প্রদান করেন।

সেমিনারে আরো উপস্থিত ছিলেন বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, সিটি কর্পোরেশনের প্রতিনিধি, নারী উদ্যোক্তা, শিক্ষক, সাংবাদিক, জনপ্রতিনিধিসহ সুশীল সমাজের প্রতিনিধিগণ।

#

ফারুক/ফয়সাল/রিদওয়ান/মনির/সজিব/২০২৩/১৫:৪০ ঘণ্টা